# শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক নিয়োগ ও পর্যায়োন্নয়ন (আপগ্রেডেশন) নীতিমালা ২০২৫

(সিন্ডিকেটের ১০৪তম সভায় অনুমোদিত)

১। **সংক্ষিপ্ত শিরোনাম**: এই নীতিমালা 'শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক নিয়োগ ও পর্যায়োন্নয়ন (আপগ্রেডেশন) নীতিমালা ২০২৫' নামে অভিহিত হইবে।

২। **প্রবর্তন**: নির্দেশিকা প্রজ্ঞাপিত হওয়ার তারিখ অর্থাৎ ০৫-০৪-২০২১ তারিখ থেকে ০২ (দুই) বৎসর পর অর্থাৎ ০৫-০৪-২০২৩ তারিখ হইতে এটি কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩। **সংজ্ঞা**: বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই নির্দেশিকায়-

(ক) **"সরকার"** অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বা সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে বুঝাইবে;

(খ) **"কমিশন"** অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে বুঝাইবে যা The University Grants Commission of Bangladesh Order, 1973 (P. O. No. 10 of 1973)-এর দ্বারা গঠিত;

(গ) **"নির্দেশিকা"** অর্থ শিক্ষা মন্ত্রণালয়ের ১৮ মার্চ, ২০২১ তারিখের ৩৭.০০.০০০০.০৭৯.৯৯.০০১.১৯.১০৪ সংখ্যক স্মারকমূলে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রণীত শিক্ষা মন্ত্রণালয় থেকে অনুমোদিত 'পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকা'-কে বুঝাইবে;

(ঘ) **"পাবলিক বিশ্ববিদ্যালয়"** অর্থ বাংলাদেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে। অধিভূক্ত কলেজসমূহ নহে;

(ঙ) **"বিশ্ববিদ্যালয়"** অর্থ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে;

(চ) **"কর্তৃপক্ষ"** অর্থ বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে বুঝাইবে;

(ছ) **"চ্যান্সেলর"** অর্থ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরকে বুঝাইবে;

(জ) **"ভাইস-চ্যান্সেলর"** অর্থ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরকে বুঝাইবে;

(ঝ) **"একাডেমিক কাউন্সিল"** অর্থ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলকে বুঝাইবে;

(ঞ) **"সিন্ডিকেট"** অর্থ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটকে বুঝাইবে;

(ট) **"ইন্সটিটিউট"** অর্থ বিশ্ববিদ্যালয়ের কোনো ইন্সটিটিউটকে বুঝাইবে;

(ঠ) **"অনুষদ"** অর্থ বিশ্ববিদ্যালয়ের কোনো অনুষদকে বুঝাইবে;

(ড) **"ইমপ্যাক্ট ফ্যাক্টর"** অর্থ কোনো জার্নালের মান নির্ণয়ের পদ্ধতিকে বুঝাইবে। প্রতি বৎসর কোনো জার্নালের Citation-এর ভিত্তিতে ইমপ্যাক্ট ফ্যাক্টর নির্ণয় করা হইয়া থাকে;

(ঢ) **"কেন্দ্র"** অর্থ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রকে বুঝাইবে;

(ণ) **"বিভাগ"** অর্থ বিশ্ববিদ্যালয়ের কোনো একাডেমিক বিভাগকে বুঝাইবে;

(ত) **"রেজিস্ট্রার"** অর্থ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারকে বুঝাইবে;

(থ) **"শিক্ষাছুটি"** অর্থ ডিগ্রি অর্জনের লক্ষ্যে মঞ্জুরীকৃত পূর্ণবেতনে ছুটিকে বুঝাইবে;

(দ) **"শিক্ষক"** অর্থ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও প্রভাষক এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক শিক্ষক হিসাবে স্বীকৃত অন্য কোনো ব্যক্তিকে বুঝাইবে;

(ধ) **"শিক্ষার্থী"** অর্থ বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত ছাত্রছাত্রীকে বুঝাইবে;

(ন) **"পদ"** অর্থ নির্দেশিকায় উল্লিখিত কোনো পদকে বুঝাইবে;

(প) **"পিয়ার রিভিউড জার্নাল"** অর্থ সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞগণ দ্বারা মূল্যায়িত ও সুপারিশকৃত গবেষণা প্রবন্ধের জার্নালকে বুঝাইবে;

(ফ) **"প্রকাশনা"** অর্থ পিয়ার রিভিউড/ইমপেক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত কোনো গবেষণা প্রবন্ধকে বুঝাইবে। এছাড়াও সাধারণ নিয়মাবলির ৪(জ) নং অনুচ্ছেদ বর্ণিত প্রকাশনাও প্রকাশনা হিসাবে গণ্য হইবে;

(ব) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ নির্দেশিকায় কোনো পদের বিপরীতে উল্লিখিত ন্যূনতম যোগ্যতাকে বুঝাইবে;

(ভ) **"সিলেকশন কমিটি"** অর্থ বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগের সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটি বা বাছাই বোর্ড বা নিয়োগ কমিটিকে বুঝাইবে;

(ম) **"সক্রিয় শিক্ষকতা"** অর্থ চাকুরীকালীন পাঠদান ও গবেষণা অথবা উচ্চতর ডিগ্রি অর্জনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পূর্ণবেতনে শিক্ষাছুটির সময়কালকে বুঝাইবে, যদি সংশ্লিষ্ট শিক্ষক অর্জিত ডিগ্রি সম্পন্ন করিয়া সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে কাজে যোগদান করেন;

(য) **"First Author/Corresponding Author"** অর্থ যিনি মূলত গবেষণাকর্মটি সম্পন্ন করিয়াছেন বা সম্পন্ন করিতে সুপারভাইজ বা তত্ত্বাবধান করিয়াছেন;

(র) **"Indexed** জার্নালে প্রকাশিত" অর্থ সারা বিশ্বে নিবন্ধনকৃত জার্নালের Bibliographical Database-কে বুঝাইবে।

৪। সাধারণ নিয়মাবলি

(ক) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকিতে হইবে;

(খ) অবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হইতে হইবে অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হইবে না;

(গ) অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদেরকে কোনো বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হইবে না;

(ঘ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান হইতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় চাকুরিকাল হিসাব করার ক্ষেত্রে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা হইবে;

(ঙ) **"শিক্ষাছুটি"** অর্থ ডিগ্রি অর্জনের লক্ষ্যে মঞ্জুরীকৃত পূর্ণবেতনে ছুটিকে বুঝাইবে। এই ছুটি স্নাতকোত্তর/মাস্টার্স ও পিএইচডি-সহ ০৫ (পাঁচ) বৎসর হইবে। শুধুমাত্র পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য শিক্ষাছুটি ০৪ (চার) বৎসর পাওয়া যাইবে। তবে গবেষণা কার্যক্রম অব্যাহত থাকিলে ডিগ্রি সম্পন্ন করিবার স্বার্থে সংশ্লিষ্ট গবেষণা সুপারভাইজারের সুপারিশের ভিত্তিতে কেবল নিয়মিত ছাত্র হিসাবে এই ছুটির মেয়াদ আরও সর্বোচ্চ ১২(বারো) মাস পর্যন্ত বর্ধিত করা যাইতে পারে;

(চ) শিক্ষাছুটি নিয়ে কোনো শিক্ষক Postdoctoral Fellowship Program-এ অংশগ্রহণ করিলে সর্বোচ্চ ০২ (দুই) বৎসর সক্রিয় শিক্ষাকাল হিসাবে গণ্য করা হইবে। তবে ইতোপূর্বে প্রদেয় বন্ড পিরিয়ড অতিক্রম হইবার পর Postdoctoral Fellowship Program-এ যাইতে পারিবেন;

(ছ) বিনা বেতনে/লিয়েনে বা Extraordinary ছুটি সক্রিয় শিক্ষাকাল বলে বিবেচিত হইবে না;

(জ) আর্কিটেকচার, চারুকলা, নাট্যকলা, থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ, সংগীত, নৃত্যকলা, ফিল্ম এন্ড মিডিয়া সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে জাতীয় অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত প্রতিযোগিতা, প্রদর্শনী ও পরিবেশনায় অংশগ্রহণমূলক প্রযোজনা, উপস্থাপনা ও রচনার জন্য অর্জিত পুরস্কার/ক্যাটালগ/সার্টিফিকেট মূল্যায়ন সাপেক্ষে প্রকাশনা হিসাবে বিবেচনা করা যাইবে;

(ঝ) বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষকগণ বর্তমানে যে পদে কর্মরত আছেন শুধুমাত্র ঐ পদের পরবর্তী পদে নিয়োগের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুসরণ করা যাইবে;

(ঞ) শিক্ষক নিয়োগের কোনো ধাপে নিয়মিত পদ সম্পূর্ণরূপে পূর্ণ হইলে পর্যায়োন্নয়ন (আপগ্রেডেশন) করা যাইবে;

(ট) যেহেতু গ্রেড-২ এবং গ্রেড-১ পদোন্নতি হিসাবে অষ্টম জাতীয় বেতন কাঠামোতে বিবেচিত সেহেতু গ্রেড-২ এবং গ্রেড- ১ অধ্যাপক পদে লেটারাল (Lateral) বা সরাসরি নিয়োগ গ্রহণযোগ্য হইবে না;

(ঠ) কমিশন কর্তৃক প্রণীত সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে এবং কমিশনের অনুমোদনক্রমে দেশি-বিদেশি প্রতিথযশা (Outstanding) অধ্যাপককে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ কর্তৃক চুক্তিভিত্তিতে Distinguished Professor হিসাবে নিয়োগ প্রদান করা যাইবে;

(ড) কমিশন কর্তৃক প্রণীত সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে এবং কমিশনের অনুমোদনক্রমে দেশি-বিদেশি বিশ্ববিদ্যালয়ে কর্মরত অথবা অবসরপ্রাপ্ত শিক্ষকগণকে শিক্ষকতার বিভিন্ন ধাপে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক চুক্তিভিত্তিতে নিয়োগ প্রদান করা যাইবে;

(ঢ) কমিশন কর্তৃক প্রণীত সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে এবং কমিশনের অনুমোদনক্রমে কোনো বিষয়ের বিশেষজ্ঞ বা গবেষককে "Distinguished Expert" হিসাবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক চুক্তিভিত্তিতে নিয়োগ প্রদান করা যাইবে;

(ণ) বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজের অভিজ্ঞতাকে সক্রিয় শিক্ষাকাল হিসাবে গণ্য করিয়া কোনো পদের জন্য প্রয়োজনীয় চাকুরির সময়কাল/প্রকাশনার সংখ্যা কমানো যাইবে না।

**৫। বিজ্ঞপ্তির মাধ্যমে সরাসরি নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা:**

| পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|
| প্রভাষক | প্রার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) জিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.০০ এবং স্নাতক (সম্মান)/স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় **সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়**-এ সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে ।<br>**বিশেষ দ্রষ্টব্য:**<br>১. এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইতে পারে। তবে এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রির জন্য উল্লিখিত যোগ্যতার কোনো শর্ত কোনোভাবেই শিথিলযোগ্য হইবে না।<br>২. বিশ্ববিদ্যালয়ে প্রভাষক নিয়োগের জন্য প্রয়োজনে লিখিত পরীক্ষার মাধ্যমে একটি শর্টলিস্ট প্রস্তুত করিয়া সাক্ষাৎকারের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা যাইতে পারে। |
| সহকারী অধ্যাপক | ১. প্রার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) জিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.০০ এবং স্নাতক (সম্মান)/স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়-এ সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে ।<br>২. **সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর/এমএসসি/এমএস/এমফিল** ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় পর্যায়ে **প্রভাষক** হিসাবে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। **অথবা**<br>**গবেষণায় ০৪(চার) বছরের অভিজ্ঞতাসম্পন্ন** প্রার্থীগণ উপর্যুক্ত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক পদে সরাসরি আবেদন করিতে পারিবেন। **অথবা**<br>**সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি** ডিগ্রিধারী প্রার্থীগণ উপর্যুক্ত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক পদে সরাসরি আবেদন করিতে পারিবেন।<br>৩. স্বীকৃত জার্নালে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে। |

# শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক নিয়োগ ও পর্যায়োন্নয়ন (আপগ্রেডেশন) নীতিমালা ২০২৫

(সিন্ডিকেটের ১০৪তম সভায় অনুমোদিত)

| পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|
| সহযোগী অধ্যাপক | ১. প্রার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) জিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.০০ এবং স্নাতক (সম্মান)/স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়-এ সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে ।<br>২. **সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর/এমএসসি/এমএস/এমফিল** ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় পর্যায়ে **সহকারী অধ্যাপক** হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। **অথবা**<br>**সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি** ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় পর্যায়ে **সহকারী অধ্যাপক** হিসাবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. প্রার্থীদের স্বীকৃত জার্নালে ন্যূনতম ০৬ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে। **সহকারী অধ্যাপক** হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| অধ্যাপক (গ্রেড-৩) | ১. প্রার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) জিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.০০ এবং স্নাতক (সম্মান)/স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়-এ সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে ।<br>২. **সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর/এমএসসি/এমএস/এমফিল** ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় পর্যায়ে **সহযোগী অধ্যাপক** হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ মোট ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। **অথবা**<br>**সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি** ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় পর্যায়ে **সহযোগী অধ্যাপক** হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ মোট ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. প্রার্থীদের স্বীকৃত জার্নালে ন্যূনতম ১২ (বারো) টি প্রকাশনা থাকিতে হইবে। **সহযোগী অধ্যাপক** হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |

৬। পর্যায়োন্নয়ন (আপগ্রেডেশন)-এর ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা:

| পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|
| সহকারী অধ্যাপক | ১. প্রার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) জিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.০০ এবং স্নাতক (সম্মান)/স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়-এ সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>২. **সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর/এমএসসি/এমএস/এমফিল** ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় পর্যায়ে **প্রভাষক** হিসাবে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. স্বীকৃত জার্নালে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে। |
| সহযোগী অধ্যাপক | ১. প্রার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) জিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.০০ এবং স্নাতক (সম্মান)/স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়-এ সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে ।<br>২. **সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর/এমএসসি/এমএস/এমফিল** ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় পর্যায়ে **সহকারী অধ্যাপক** হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। **অথবা**<br>**সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি** ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় পর্যায়ে **সহকারী অধ্যাপক** হিসাবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. প্রার্থীদের স্বীকৃত জার্নালে ন্যূনতম ০৬ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে। **সহকারী অধ্যাপক** হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |

## শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক নিয়োগ ও পর্যায়োন্নয়ন (আপগ্রেডেশন) নীতিমালা ২০২৫

(সিন্ডিকেটের ১০৪তম সভায় অনুমোদিত)

| পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|
| অধ্যাপক (গ্রেড-৩) | ১. প্রার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) জিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.০০ এবং স্নাতক (সম্মান)/স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়-এ সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে ।<br>২. **সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর/এমএসসি/এমএস/এমফিল** ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় পর্যায়ে **সহযোগী অধ্যাপক** হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ মোট ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। **অথবা**<br>**সংশ্লিষ্ট বিষয়ে** পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় পর্যায়ে **সহযোগী অধ্যাপক** হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ মোট ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. প্রার্থীদের স্বীকৃত জার্নালে ন্যূনতম ১২ (বারো) টি প্রকাশনা থাকিতে হইবে। **সহযোগী অধ্যাপক** হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| গ্রেড-২ অধ্যাপক পদে পদোন্নতি | প্রচলিত নিয়ম অনুযায়ী সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ অধ্যাপক পদে পদোন্নতি/পদায়নের পরে অধ্যাপক পদে ন্যূনতম ০৪(চার) বৎসর চাকুরি (কোয়ালিফাইং চাকুরির মেয়াদ) এবং স্বীকৃত জার্নালে বিষয়ভিত্তিক গবেষণাধর্মী ০২ (দুই) টি নতুন আর্টিকেল প্রকাশের শর্তে জ্যেষ্ঠতার ভিত্তিতে ২য় গ্রেড প্রাপ্ত হইবেন।<br>(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন-১ শাখা কর্তৃক ০৪-০৪-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০৫.২০১৫-৮৮ নম্বর স্মারকে জারিকৃত) |
| গ্রেড-১ অধ্যাপক পদে পদোন্নতি | দ্বিতীয় গ্রেডধারী অধ্যাপকগণ মোট চাকুরিকাল (কোয়ালিফাইং চাকুরির মেয়াদ) ন্যূনতম ২০ বৎসর এবং ২য় গ্রেডের সর্বশেষ সীমায় পৌঁছানোর দুই বৎসর পর জ্যেষ্ঠতার ভিত্তিতে ১ম গ্রেড প্রাপ্য হইবেন। তবে এই সংখ্যা মোট অধ্যাপকের ২৫%-এর বেশি হইবে না।<br>(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন-১ শাখা কর্তৃক ০৪-০৪-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০৫.২০১৫-৮৮ নম্বর স্মারকে জারিকৃত) |